

পর্যটকসহ সাগরে আটকে ছিলো সেন্টমার্টিন বুটের জাহাজ

- A Monitor Desk Report

Date: 15 December, 2025



কক্সবাজারঃ তিন শতাধিক পর্যটক নিয়ে সেন্টমার্টিন থেকে কক্সবাজার ফেরার পথে সাগরে একটি জাহাজ আটকে পড়ার ঘটনা ঘটেছে।

শনিবার (১৩ ডিসেম্বর) বিকেল ৫টার দিকে টেকনাফের বাহারছড়া সংলগ্ন সাগরে ‘কেয়ারি ক্রুজ অ্যান্ড ডাইন’ নামের জাহাজটির ইঞ্জিন বিকল হলে এ পরিস্থিতি সৃষ্টি হয়।

সি ক্রুজ ওনার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক হোসাইন ইসলাম বাহাদুর বিষয়টি নিশ্চিত করে বলেন, ইঞ্জিনে সমস্যা হওয়ায় জাহাজটি আটকা পড়েছিল। পরে সেটি সর্ব্ব উটা ১০ মিনিটে কক্সবাজারের উদ্দেশে রওনা দেয়।

গত ১ ডিসেম্বর থেকে কক্সবাজার-সেন্টমার্টিন বুটে জাহাজ চলাচল শুরু হয়। সরকারি নির্দেশনা অনুযায়ী যা চলবে আগামী ৩১ জানুয়ারি পর্যন্ত।

-B